গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০১.০৯-৭৬৪ তারিখঃ ১৪/০১/২০২৫ইং

## অফিস আদেশ

বিষয়ঃ **কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল Review প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৬৬৮, তারিখঃ ১২/১২/২০২৪ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় ১০.০০ কোটি টাকা বা তদুর্ধ্ব মূল্যমানের কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে গুনগতমান এবং দরপত্রে প্রতিযোগিতা নিশ্চিতকল্পে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল নিরীক্ষার জন্য একটি অনুমোদিত কমিটি রয়েছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক ক্ষেত্রেই উল্লিখিত মূল্যমানের কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল নিরীক্ষার জন্য উক্ত কমিটির নিকট উপস্থাপন করা হচ্ছে না। ফলে অনেক ক্ষেত্রেই দরপত্র মূল্যায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, এলজিইডি'র সকল ক্রয়কারীকে ১০.০০ কোটি টাকা বা তদুর্ধ্ব মূল্যমানের কার্য ও ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে কারিগরি বিনির্দেশসহ দরপত্র দলিল নির্ধারিত কমিটির নিকট হতে Review পূর্বক ক্রয় প্রক্রিয়াকরণের ক্ষেত্রে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

Debnath 12/1/25

**(গোপাল কৃষ্ণ দেবনাথ)**
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)
ফোনঃ ০২-৪৪৮২৬২৭২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০১.০৯-৭৬৪/১ (৩) তারিখঃ ১৪/০১/২০২৫ইং

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। [তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি)-কে অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]
৩। প্রকল্প পরিচালক (সকল)........................................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।

১৪/১/২৫

**(মোঃ গোলাম ইয়াজদানী)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫
ই-মেইলঃxen.procurement@lged.gov.bd